

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের U.G. Final Year(Part-III)/ M.A. Part-II(DODL) পরীক্ষা সংক্রান্ত নির্দেশিকা :

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজগুলিতে COVID-19 এর কারণে U.G.Final Year(Part-III) এবং মুক্ত ও দূরবর্তী শিক্ষা এর ফাইনাল পরীক্ষা নির্দিষ্ট সময়ে অনুষ্ঠিত করা সম্ভব হয় নি ; সে কারণে কল্যাণী বিশ্ববিদ্যালয় বর্তমান পরিস্থিতিতে আগামী ইং- 01.10.2020 তারিখ থেকে 18.10.2020 তারিখ এর মধ্যে উক্ত পরীক্ষা সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উক্ত পরীক্ষা প্রণালীতে অথবা পরীক্ষার ফলাফলে যদি কেহ সন্তুষ্ট না হয় ; সেক্ষেত্রে , তাকে বর্তমান অবস্থার উন্নতি হলে বিশ্ববিদ্যালয় কতপক্ষ তাকে অফ লাইনে পরীক্ষা দেওয়ার সুযোগ দেবে।

পরীক্ষা দেওয়ার পদ্ধতি নিম্নরূপ :

1. পরীক্ষার্থীরা কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে পরীক্ষার সূচি জানতে পারবে। পরীক্ষার্থীরা বাড়িতে বসে অনলাইন প্রণালীতে পরীক্ষা দিতে পারবে। সে ক্ষেত্রে , রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং এডমিট কার্ড সঙ্গে রাখতে হবে।
2. পরীক্ষার্থীরা কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রশ্ন পত্র (Question papers) পরীক্ষা আরম্ভ হওয়ার ১ ঘন্টা পূর্বে ডাউনলোড করতে পারবে। পরীক্ষার্থীরা বাড়িতে বসে পরীক্ষার উত্তর লিখতে পারবে।
3. কেবলমাত্র বিশেষ ক্ষেত্রে, পরীক্ষার্থীরা অথবা তাদের Authorized প্রতিনিধিরা পরীক্ষা আরম্ভ হওয়ার ১ ঘন্টা পূর্বে পরীক্ষার প্রশ্নপত্র এবং খাতা কলেজ থেকে সংগ্রহ করতে পারবে।
4. পরীক্ষা অনুষ্ঠিত হবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Syllabus এর মধ্যে থেকে।
5. কেবলমাত্র A4 সাদা কাগজে পরীক্ষার উত্তর লিখতে হবে। পরীক্ষা শেষ হওয়ার ২ ঘন্টার মধ্যে উত্তর পত্র স্ক্যান করে কলেজ থেকে দেওয়া নির্দিষ্ট Mail Id/ WhatsApp group-এ প্রেরণ করতে হবে।
6. যদি কোনও পরীক্ষার্থী তার লেখা উত্তর পত্র স্ক্যান করে নির্দিষ্ট Mail Id/WhatsApp group-এ এ পাঠাতে সক্ষম না হয় ; সে ক্ষেত্রে তার লিখিত উত্তর পত্রগুলি মুখ বন্ধ করা খামে কলেজ অফিসে জমা দিতে পারবে।
7. পরীক্ষার্থীরা অবশ্যই উত্তর পত্রে প্রতিটি পৃষ্ঠার ওপর দিকে পৃষ্ঠা নম্বর লিখবে এবং রেজিস্ট্রেশন নম্বর ও রোল নম্বর লিখবে।
8. পরীক্ষার্থীদের অবশ্য বলা হচ্ছে যে , তারা যেন তাদের নিজের মতো করে প্রশ্নের উত্তরগুলি লিখতে চেষ্টা করে।
9. পরীক্ষার লেখা উত্তরপত্রগুলো নির্ধারিত সময় সীমার পর জমা করা অথবা প্রেরণ করা যাবে না।
10. প্রাকটিক্যাল পরীক্ষা সংক্রান্ত বিষয় জানতে বিভাগীয় শিক্ষক /শিক্ষিকাদের সহিত যোগাযোগ করতে বলা হচ্ছে।
11. পরীক্ষা সংক্রান্ত আপডেট পেতে পরবর্তী নোটিশ দেখতে থাকবে।

- সকলে সুস্থ থাকো , ভালো থাকো।

-অধ্যক্ষ


Dr. Sukdeb Ghosh
Principal
Srikrishna College
Bagula Nadia,
W.B. PIN-741502